# ECHO OF HIS CALL

## আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI — YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 AUGUST — No. 7


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৮৫:১-৯

১। হে সদাপ্রভু, তুমি তোমার দেশের প্রতি অনুগ্রহ দেখিয়েছ; তুমি যাকোবের বংশের সমৃদ্ধি ফিরিয়ে এনেছ।

২। তুমি তোমার প্রজাদের অপরাধ ক্ষমা করেছ এবং তাদের সকল পাপ আবৃত করেছ।

৩। তুমি তোমার সকল ক্রোধ দূরে সরিয়ে রেখেছ এবং তোমার প্রচণ্ড রাগ থেকে ফিরেছ।

৪। হে ঈশ্বর, আমাদের পরিত্রাতা, আমাদের পুনরুদ্ধার করো এবং আমাদের প্রতি তোমার অসন্তোষ দূরে সরিয়ে রাখো।

৫। তুমি কি চিরদিন আমাদের প্রতি ক্রুদ্ধ থাকবে? তুমি কি যুগে যুগে তোমার রাগ স্থায়ী করবে?

৬। তুমি কি আবার আমাদের সঞ্জীবিত করবে না, যেন তোমাদের প্রজাগণ তোমাতে আনন্দে উল্লসিত হয়?

৭। হে সদাপ্রভু, তোমার অবিচল প্রেম আমাদের দেখাও, এবং তোমার পরিত্রাণ আমাদের প্রদান করো।

৮। ঈশ্বর সদাপ্রভু যা বলেন আমি তা শুনব; তিনি তাঁর প্রজাদের, তাঁর বিশ্বস্ত দাসদের, শান্তির অঙ্গীকার করেন; কিন্তু তারা তাদের মূর্খতার পথে ফিরে না যাক।

৯। নিশ্চয়, যারা তাঁকে সম্ভ্রম করে তাঁর পরিত্রাণ তাদের নিকটে, যেন তাঁর মহিমা আমাদের দেশে বাস করে।

# নতুন দিশার আবিষ্কার ! বায়াল পরাসীম

**THE LORD OF BREAKTHROUGHS! BAAL PARAZIM! (2 samuel 5:20)**

*অনারারী এডিটর-ইন-চীফ, রেভা. অ্যাঞ্জেলীন সেলভাকুমারী*



আমাদের আহ্বানের প্রতিধ্বনির যৌথ পরিবারের সবাইকে শুভেচ্ছা জানাই। এই পৃষ্ঠাগুলির মাধ্যমে আপনাদের সঙ্গে সংযোগ করার বিষয়টি সর্বদাই দারুন আনন্দের। ধীরে ধীরে গ্রীষ্মকাল শেষের দিকে চলে আসছে, আমরা নতুন ঋতুর মধ্যে পদার্পণ করছি। প্রত্যেকটি ঋতুর একটি নিজস্ব সৌন্দর্য আছে। বৃদ্ধির জন্য আমাদের তাপ এবং বৃষ্টি উভয়ের প্রয়োজন। বাইবেল আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর যথা সময়ে সব কিছু সুন্দর করেন (উপদেশক ৩:১১)। যেমন শলোমন বলেছিলেন, সূর্যের নীচে সব কিছুর সময় এবং কাল আছে। এ বছর আপনি কীভাবে এই ঋতুর অভিজ্ঞতা লাভ করেছেন সেই বিষয় আমি অনিশ্চিত, কিন্তু মনে রাখবেন, সব থেকে ভালো সময় আসা বাকী আছে। গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলো গ্রহণ করতে শেখা। প্রায়ই, আমরা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলো সম্পর্কে সচেতন থাকি কিন্তু সেগুলিকে আমাদের নিজেদের করে নেওয়ার বিষয়ে আমরা সংগ্রাম করি।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**

Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**MANAGING EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**

Bro. N. Prakasam, M.A., M.Sc(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**

Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**

Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call


**"ঈশ্বরের প্রশংসা হোক, যিনি আমার প্রার্থনা অস্বীকার করেননি এবং তাঁর অবিচল প্রেম থেকে আমাকে বঞ্চিত করেননি।"**— গীতসংহিতা ৬৬:২০

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আমরা আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** প্রধান কার্যালয়ের পক্ষ থেকে আপনাদের এবং আপনাদের প্রিয় জনদের শুভেচ্ছা জানাই!

আমরা আপনাদের অবগত করতে চাই যে আপনারা আমাদের কাছে প্রকৃতভাবে কত বিশিষ্ট! বহু বছর ধরে, সেই ১৯৬৯ সালের সূচনা থেকে তাঁর আহ্বানের প্রতিধবনি পত্রিকার সঙ্গে আপনি, আপনার বাবা মা এবং ঠার্কুদা ঠাকুমার সঙ্গে, আমাদের এই আত্মিক যাত্রার সঙ্গে যুক্ত আছেন। এটি আমাদের কাছে ঈশ্বরের অনুগ্রহের উপর গভীরভাবে ধ্যান করার ক্ষেত্রে মহা আনন্দ আনে যা এই সমগ্র সময় আমাদের সঙ্গে আছে।

আমরা যখন ১০ই আগস্ট তাঁর আহ্বানের প্রতিধ্বনির এবং এর বিভিন্ন পরিচর্যাগুলির ৫৬ বছরে পদার্পণ করছি, তখন এই সমস্ত বছরগুলিতে আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের বিজয় এবং বিশ্বস্ততা উদযাপন করার জন্য আপনাদের সঙ্গে হাতে হাত মিলাচ্ছি। মানুষ এবং ঈশ্বরের দৃষ্টিতে আমাদের তুচ্ছতা সত্ত্বেও আমাদের প্রতি আপনাদের অবিচলিত দয়ার বিষয় আমরা তারিফ করছি এবং আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। আপনাদের প্রার্থনা, অনুদান, এবং সাহায্য আমাদের পৃথিবী। আমার আন্তরিক প্রার্থনা হচ্ছে যে ঈশ্বর স্বর্গের জানালগুলো খুলে দেবেন এবং আপনাদের উপরেও তাঁর প্রাচুর্যতাপূর্ণ আশীর্ব্বাদ বর্ষন করবেন।

ঈশ্বরের ইচ্ছা থাকলে, আমরা আগামী ৯ই থেকে ১১ই আগস্ট পর্যন্ত অনাড়ম্বরভাবে ৫৬তম বর্ষপূর্তি উপলক্ষ্যে সুসমাচার সভার আয়োজন করবো। প্রধান মণ্ডলীতে অনুষ্ঠানটির মধ্যে সান্ধ্য সুসমাচার সভা, ইয়ুথ কার্যকলাপ, এবং শিশুদের কর্মসূচীগুলি অন্তর্ভূক্ত করা হবে। আপনি যদি চেন্নাইয়ে আসেন, তাহলে আপনাকেও যোগদান করার জন্য আমন্ত্রণ জানানো হলো।

যদিও অনুষ্ঠানটি আড়ম্বরপূর্ণভাবে উদযাপন করার সংস্থান আমাদের নেই, আমরা অনুষ্ঠানটিকে এই দিনগুলিতে আমাদের সাধ্যমত আমাদের বিশ্বস্ত প্রভু, যীশু খ্রীষ্টের গৌরব প্রচারের উদ্দেশে উৎসর্গ করেছি।

আমরা যেহেতু আমাদের মিশন কেন্দ্রগুলি পরিদর্শন করার কাজে নিযুক্ত আছি, সম্প্রতি আমরা জুন মাসের ২৮ থেকে ৩০ তারিখ পর্যন্ত , উত্তর ভারতের গুজরাটের দুমরা এবং আকির পাড়াতে গেছিলাম। ভারতের এবং ভারতের বাইরের বিভিন্ন জায়গা পরিদর্শন করার আমাদের পরিকল্পনা আছে। আমাদের এই উদ্যোগগুলির জন্য আপনাদের প্রার্থনা মহানভাবে প্রশংসনীয়।

ঈশ্বরের অনুগ্রহের মাধ্যমে, আমরা সুসমাচার প্রচার চালিয়ে যাচ্ছি, নেতাদের তত্ত্বাবধান করছি, এবং যেখানে যাচ্ছি সেখানেই আমরা মণ্ডলী স্থাপন করছি, এই সমস্ত কিছু আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের গৌরবের জন্য করা হচ্ছে।

আমাদের পরিবার এবং পরিচর্যাগুলির মধ্যে বিভিন্ন ক্লেশ এবং পরীক্ষার সম্মুখীন হওয়া সত্ত্বেও, আপনাদের অবিচলিত সাহায্যের জন্য আমরা কৃতজ্ঞ। আমরা আপনাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে সামনে এগিয়ে যাচ্ছি। অনুগ্রহ করে আপনাদের চিন্তার মধ্যে আমাদের রাখবেন এবং ঈশ্বর আপনাদের যেভাবে চালাবেন সেই ভাবে কাজ করবেন। আমরা আমাদের হৃদয়ের মধ্যে আপনাদের রেখেছি এবং আপনাদের জন্য প্রার্থনা করছি।

ভালোবাসা এবং আশীবর্বাদসহ

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858 E.mail : sam@echoofhiscall.org


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

আমাদের জীবনে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি প্রকাশিত হতে কয়েক সপ্তাহ, কয়েক মাস, এমনকী কয়েক দশক লাগতে পারে। দাউদ তাঁর জীবনের উপর প্রতিজ্ঞাগুলি সম্পূর্ণ হতে দেখার জন্য ১৫ থেকে ২০ বছর অপেক্ষা করেছিলেন, শমূয়েলের তাঁকে অভিষেক করা থেকে ইস্রায়েলের রাজা হওয়া পর্যন্ত। ঈশ্বর তারাহুড়ো করেন না বা বিলম্ব করেন না; তিনি তাঁর উপযুক্ত সময়ে কাজ করেন। তিনি কীভাবে তাঁর নিরূপিত সময়ের মধ্যে তাঁর পরিকল্পনা প্রকাশ করবেন তার জন্য আপনাকে ধৈর্য সহকারে অপেক্ষা করতে হবে। দাউদ এটি বুঝেছিলেন, এর জন্য তিনি তাঁর গীতগুলিতে বার বার "সদাপ্রভুর জন্য অপেক্ষা করার" বিষয়টি নিজেকে স্মরণ করিয়ে দিয়েছিলেন। তাঁর অনেকগুলি গীতে আমরা এই মূল ভাবটি দেখতে পাই। ঈশ্বরের গুণাবলীগুলো সম্পর্কে দাউদের বর্ণনাগুলি বাইবেলে অতুলনীয়: উত্তর দাতা ঈশ্বর, আমাদের চোখের জল তিনি জমিয়ে রাখেন, একজন মেষপালক, আশ্রয়, আশ্রয়স্থান, পথ প্রদর্শক, বন্ধু, মা, বাবা, স্বামী, সঙ্গী, শৈল, ছায়া, এবং মেষপালক। তাঁর নামগুলি অপূর্বভাবে তাঁর জীবনের অভিজ্ঞতাগুলিকে প্রতিফলিত করে। তাঁর একটি যে নাম আমার কাছে সুদূরপ্রসারী তাৎপর্য বহন করে সেটি হচ্ছে **"পরাসীম পর্বত,"** যা ২ শমূয়েল ৫:২০ পদে আমরা দেখতে পাই, যার অর্থ হচ্ছে "নতুন দিশার ঈশ্বর।" ঠিক জল যেমন তার সামনের সমস্ত বাধা ভেঙ্গে তার পথ তৈরী করে নেয়, ঈশ্বরও তেমন বাধাগুলো ধ্বংস করেন এবং আমাদের জন্য নতুন দিশা আনেন। এটি স্পষ্টতই একটি শক্তিশালী নাম।

দর্শন অনুসারে ব্যক্তি, কাজ, এবং ঘরের নামকরণ করার একটি রীতি আছে যার তাৎপর্যপূর্ণ অর্থ এবং ক্ষমতা আছে। যখন নামকরণ করা হয়, তখন ঈশ্বরের কাছ থেকে জ্ঞান যাচনা করুন, কারণ বিশ্বাস করা হয় যে নাম একটি বিশেষ অভিষেক বহন করে। বাইবেলে, নামগুলোর স্পষ্ট তাৎপর্য আছে।

## রফায়ীম উপত্যকা !

প্রথমে আমাকে বায়াল পরাসীম সম্পর্কে কিছু প্রেক্ষাপট দিতে দিন।

২ শমূয়েল ৫ অধ্যায়ে, দাউদকে ইস্রায়েলের রাজা হিসাবে অভিষিক্ত করার বিষয়টি তার জীবনের একটি গুরুত্বপূর্ণ সময় হিসাবে চিহ্নিত হয়েছিল। ঈশ্বরের মঙ্গল বিষয়গুলিউপভোগ করা এবং প্রত্যাশার সম্পূর্ণতার জন্য জীবনবৃক্ষের অভিজ্ঞতা লাভ করার পরিবর্তে (হিতোপদেশ ১৩:১২), দাউদকে বিভিন্ন চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হতে হয়েছিল। মিথ্যাবাদী এবং গর্জনকারী সিংহ হিসাবে চিহ্নিত দিয়াবল,দাউদের শান্তি,সুখ,এবং আনন্দ, ভেঙ্গে ফেলার চেষ্টা করেছিল, এই ভাবে সে তাঁর উপরে প্রদত্ত সমস্ত আশীর্ব্বাদগুলির ক্ষতিসাধন করার চেষ্টা করেছিল।

দাউদের অভিষেকের বিষয়টি জানতে পেরে পলেষ্টীয়রা রফায়ীম উপত্যকায় অবস্থান করেছিল, যা দৈত্যদের যুদ্ধক্ষেত্রের স্থানের প্রতীক যেখানে দৈত্যরা ঘুরে বেড়াতো।

### ১। ঈশ্বরের পরিকল্পনার কেন্দ্রে থাকার অর্থ হচ্ছে শয়তানের মনোযোগ আমন্ত্রণ করা !

শত্রু পক্ষের এই রণকৌশল দেখায় যে ঈশ্বরের ইচ্ছার সঙ্গে সংযুক্ত হলে বিরোধীতার সম্মুখীন হতে হয়। দাউদ, আসন্ন ভীতির বিষয় বুঝতে পেরেছিলেন, যুদ্ধে লিপ্ত হওয়ার আগে তিনি স্বর্গীয় পরামর্শ যাচ্ঞা করেছিলেন, যার মধ্যে দিয়ে তিনি ঈশ্বরের পরিকল্পনার উপর তাঁর আস্থা দেখিয়েছিলেন।

সুতরাং বিশ্বাসীদের অনুভূতিগুলোর দ্বারা পরিবেষ্টিত এবং ফাঁদে পতিত হওয়ার পরিবর্তে, স্মরণ করতে উৎসাহিত করতে হবে যে বাহিনীগণের সদাপ্রভু, সর্বত্র বিরাজমান। রফায়ীমের উপত্যকা, যা শত্রুর শক্তঘাঁটি বলে মনে করা হয়েছিল তা স্বর্গীয় হস্তক্ষেপের স্থানে পরিণত হয়েছিল যখন ঈশ্বর জলের একটি নতুন দিশার মতো বিরোধীতাকে ছিন্নভিন্ন করে দিয়েছিলেন।

প্রিয় বন্ধুগণ, আপনি যেখানেই থাকুন না কেন,যে কোনও পরিস্থিতির মধ্যেই থাকুন না কেন,আমি আপনাকে আনন্দে উল্লসিত হতে, সাহসী হতে, এবং বলবান হতে উৎসাহিত করছি, কারণ আমরা নতুন দিশার ঈশ্বরের সেবা করি! তিনি আমাদের নিশ্চয়তা দেন যে তিনি আমাদের অগ্রে যাবেন এবং আমাদের শত্রুদের পরাজিত করবেন। ঈশ্বর দাউদকে পলেষ্টীয়দের ওপর যে বিজয় দিয়েছিলেন তা উল্লেখযোগ্য ছিল, যা সমস্ত বাধাগুলোকে ভেঙ্গে দেওয়া শক্তিশালী জলস্রোতের মতো। সেই কারণে দাউদ বিজয়ের এই স্থানটির নাম দিয়েছিলেন **নতুন দিশার স্থান**।

প্রিয় বন্ধুগণ, মনে রাখবেন,এটি আপনার নতুন দিশার স্থান! প্রার্থনা করুন, এটি দাবি করুন,এবং আস্থার সঙ্গে ঘোষণা করুন,"এটি আমার নতুন দিশার সময়। বায়াল পরাসীম আমাকে পরিচালিত করবে, আমার বিরুদ্ধে, আমার পরিবারের বিরুদ্ধে, আমার সন্তানদের বিরুদ্ধে, আমার পরিচর্যার বিরুদ্ধে..., গঠিত সমস্ত অস্ত্র ধ্বংস করবে, তিনিই হচ্ছেন বায়াল পরাসীম।" অকম্পিত বিশ্বাসের সঙ্গে জোরে এটা বলুন। সাম্প্রতিক পরিস্থিতির ওপর ফোকাস করবেন না;সদাপ্রভুর পরিকল্পনার ওপর বিশ্বাস করুন। ঠিক যেমন যিরীহোর প্রাচীরের চারপাশে সাতদিন হাঁটার বিষয়টি ইস্রায়েলীদের কাছে অযৌক্তিক মনে হয়েছিল। আমরা যেন আমাদের নিজস্ব উপলব্ধির ওপর নির্ভর না করি। তাঁর হাতে কেবল একটি লাঠি নিয়ে তাঁর প্রজাদের উদ্ধার করতে পারার ঈশ্বরের ক্ষমতার বিষয়টি মোশির কাছে অর্থহীন মনে হয়ে থাকতে পারে। বিষয়গুলিকে বিশ্বাসের চোখ দিয়ে দেখুন, বিশ্বাস করুন যে ঈশ্বর, বায়াল পরাসীম হিসাবে আমাদের শত্রুদের পরাজিত করার জন্য আমাদের আগে যাচ্ছেন। আমেন!

### (২) যখন অতর্কিতে আক্রান্ত হবেন, ঈশ্বরের উপস্থিতির কাছে যান

যখন অতর্কিত হামলার সম্মুখীন হন এবং পাপ বা স্থবিরতার চক্রে আটকা পড়েন, যখন উন্নতি অসম্ভব মনে হয়, তখন নতুন দিশার জন্য আমাদের অবশ্যই ঈশ্বরের উপস্থিতি যাচ্ঞা করতে হবে। দাউদ, যখন বুঝতে পেরেছিলেন যে তিনি শত্রুদের দ্বারা অবরুদ্ধ হয়েছেন, তখন তিনি পরিচালনার জন্য সদাপ্রভুর শরণাপন্ন হয়েছিলেন। আমাদের প্রথম সাড়াদান হিসাবে আমরা কি সদাপ্রভুর কাছে আমাদের সমস্যাগুলো নিয়ে আসি? আপনার কার্যকলাপগুলি স্থগিত রাখুন, ঈশ্বরের দৃঢ় দুর্গের কাছে ফিরে আসুন, এবং অবিরত প্রার্থনা করুন। নম্রভাবে তাঁর উপস্থিতির মধ্যে আসুন, যাচ্ঞা করুন, অন্বেষণ করুন, এবং তাঁর দরজায় আঘাত করুন। সদাপ্রভুর নাম দৃঢ় দুর্গ;ধার্মিকেরা এর মধ্যে নিরাপত্তা খুঁজে পায়।

দাউদ যখন নিজেকে চারিদিক থেকে অবরুদ্ধ দেখেছিলেন, তিনি স্বর্গীয় হস্তক্ষেপের জন্য নম্রভাবে প্রার্থনায় জানুপাত করেছিলেন। বাইবেলের ২ শমূয়েল ৫:১৯ পদে লেখা আছে: "ঈশ্বর উত্তর দিয়েছিলেন।" আমরা এমন এক ঈশ্বরের আরাধনা করি যিনি আমাদের প্রার্থনা শোনেন এবং উত্তর দেন, কিন্তু আমাদের আবেদন অবশ্যই আন্তরিক হতে হবে। নতুন দিশা অর্জন করার জন্য, একজন ব্যক্তিকে অবশ্যই সমস্ত বিহ্বলতা দূরে সরিয়ে রেখে গাম্ভির্যতা দেখাতে হবে, গভীরভাবে ফোকাস করতে হবে, এবং যতক্ষণ না স্পষ্টভাবে তাঁর উত্তর না পাওয়া যাবে ততক্ষণ অধ্যবসায়ের সঙ্গে ঈশ্বরের পরিচালনা যাচ্ঞা করতে হবে। পরিস্থিতির গভীরতা যত অধিক হবে, তত অধিক গভীরভাবে আমাদের প্রার্থনা করতে হবে। বিশ্বাসী সমাজের সঙ্গে আমাদের বন্ধন শক্তিশালী করার বিষয়টিও অত্যন্ত জরুরী।

### (৩) রফায়ীম উপত্যকা থেকে বায়াল পরাসীমে আসা-একটি রূপান্তরণে স্থানান্তরিত হওয়া!

রফায়ীমে পলেষ্টীয়রা ওৎ পেতে ছিল, দাউদের অনিষ্ট করার চক্রান্ত করছিল এবং তাঁকে ব্যর্থ করার চেষ্টা করছিল। প্রতিকীভাবে, রফায়ীম উপত্যকা হচ্ছে একটি স্থান যেখানে শয়তান অবস্থান করে একজন ব্যক্তির জীবনে ঈশ্বরের উদ্দেশ্যের পথে বাধার সৃষ্টিকরে,অনিষ্ট করে,এবং বাধাদান করে, সেই ব্যক্তির সঙ্গে তার সন্তানগণ এবং তার আহ্বানও অন্তর্ভুক্ত। যখন এই উপত্যকায় কিছু সংখ্যক লোক নিজেদেরকে ব্যর্থ,পরাজিত, এবং হতাশাগ্রস্ত দেখতে পায়,তখন সেখানে তাদের বিপক্ষরা পরাজিত হবে, ভয়ে পালিয়ে যাবে। গর্জনকারী সিংহের সদৃশ শত্রুদের ভয়ঙ্কর উপস্থিতি সত্ত্বেও, ঈশ্বর এক উল্লেখযোগ্য বিজয় সুসংগঠিত করেছিলেন—এক খেলা-পরিবর্তনকারী বিজয়ের ক্ষেত্র।

### বায়াল পরাসীম!

দাউদ পলেষ্টীয় দেবতা, বায়ালের নামানুসারে এই স্থানটির নাম দিয়েছিলেন বায়াল পরাসীম। বায়াল, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান যেখানে ঈশ্বরের হস্তক্ষেপে শয়তানের সমস্ত শক্তি ছিন্নভিন্ন হয়েছিল। এটি শত্রুর শক্তঘাঁটির ওপর ঈশ্বরের শক্তির বিজয় লাভ করার একটি সাক্ষ্য হিসাবে কাজ করে। আজ, বিশেষ করে যে সমস্ত জায়গায় শত্রু আমাদের শক্ত মুঠোর মধ্যে ধরে রেখেছে বলে আমাদের মনে হয় বিশেষ করে সেই সমস্ত জায়গায় ঈশ্বর আমাদের নতুন দিশা দান করতে চান। ঠিক যেভাবে দাউদ ব্যাখ্যা করেছেন, আমাদের জীবনে ঈশ্বরের অদৃশ্য কাজগুলি সম্পর্কে আমাদের সীমাবদ্ধ ধারণার জন্য প্রায়ই আমরা আমাদের জীবনে ঈশ্বরের পরিকল্পনাগুলি সম্পূর্ণরূপে উপলব্ধি করতে ব্যর্থ হই। সদাপ্রভুর বিশ্বস্ততার উপর আস্থা রাখার বিষয়টি আমাদের জীবনের যুদ্ধক্ষেত্রের সব থেকে বড় চ্যালেঞ্জগুলোতে বিজয়ী ফলের দিকে চালিত করে।

এমনকী ঈশ্বরের স্বর্গদূতবাহিনী ইস্রায়েল বাহিনীকে পরিচালিত করলেও, আপনার জীবনে আপনার জন্য দীর্ঘ প্রতিক্ষীত দুর্দান্ত বিজয় আনার জন্য তিনি সক্রিয়ভাবে কাজ করছেন। এই নীতি এক মহান অর্থ বহন করে কারণ প্রায়ই, ঈশ্বর যখন নীরবে আমাদের জীবনে বিভিন্ন ঘটনাগুলোকে একসুরে সমাবিষ্ট করেন,তখন আমরা তাঁর অনুপস্থিতি সম্পর্কে ভুল বুঝতে পারি, নিজেদের পরিত্যক্ত বলে অনুভব করতে পারি।

প্রভুতে প্রিয় ভাই ও বোনেরা,এটি নির্ভীকভাবে ঘোষণা করুন, "এটি আমার নতুন দিশার সময়। আজ আমার বিজয়ের শুরু।" ঠিক যেভাবে ঈশ্বর দাউদের জন্য রফায়ীম উপত্যকাকে বায়াল পরাসীমে রূপান্তরিত করেছিলেন, সেইভাবে তিনি আজ আমাদের প্রত্যেকের

(ক্রমশঃ, ৬ পাতায়)

RESIDENTIAL BIBLE COURSE
NEHEMIAH BIBLE COLLEGE, Chennai.
ECHO OF HIS CALL 1969-2019 REACHING NATIONS
Medium : Hindi
Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years
Rush for Admission!
Diploma in Theology
Qualification : 10th Standard & above
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
* ONLINE CLASSES ARE AVAILABLE *

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে আগষ্ট থেকে ১৮ই সেপ্টেম্বর, ২০২৪)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**আগষ্ট ১৯ :** আমাদের নহিমিয় বাইবেল কলেজের সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** পত্রিকা পরিচর্যার কাজে সাহায্যকারী উৎসর্গীকৃত সহযোগি সম্পাদকদের উপর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২২:** আমাদের সমর্পিত কর্মীদের দ্বারা আশীর্ব্বাদ করার জন্য যারা একচিত্তে তাদের কর্তব্যগুলি পালন করে যাচ্ছেন।

**দিন ২৩:** প্লেটমেকার্স, প্লেট গ্রাইণ্ডার্স, প্রিন্টিং ইনক্ সাপ্লায়ার্স, স্ক্রিন প্রিন্টার্সদের মতো যারা বাইরে থেকে আমাদের পরিচর্যা কাজকে সাহায্য করছেন তাদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৪:** আমাদের যে অংশীদাররা নৈতিকভাবে এবং আর্থিকভাবে সাহায্য করছেন তাদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৫:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** প্রিন্সিপাল,কর্মী এবং শিক্ষার্থীদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৬:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** সমস্ত কার্যকলাপকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের মিশনকর্মীদের মহান অঙ্গীকারের জন্য।

**দিন ২৮:** ২০২৪ সালের ১০ই আগষ্ট অনুষ্ঠিত আমাদের ৫৬ বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের বরিষ্ঠ পালক এবং তাঁর পরিবারের ওপর তাঁর তত্ত্বাবধানের জন্য।

**দিন ৩০:** পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর দল কতৃক সুরাট এবং গুজরাটে মিশনগুলো পরিদর্শন করার কাজে আশীর্ব্বাদের জন্য।

**দিন ৩১:** গত মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**সেপ্টেম্বর ০১:** আমাদের মণ্ডলীগুলোতে নতুন সদস্যদের যুক্ত হওয়ার জন্য।

**দিন ০২:** **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে** নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ০৩:** আমাদের সমস্ত কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সুরক্ষার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজের **বহুমুখী** পরিচর্যা কাজের নতুন দর্শন দ্বারা আশীর্ব্বাদ লাভের জন্য।

**দিন ৫:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলোর বিশ্বাসী এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য।

**দিন ৬:** সমস্ত খ্রীষ্টিয় মণ্ডলী এবং সংস্থাগুলির সুরক্ষা এবং আশীর্ব্বাদের জন্য।

**দিন ৭:** আমাদের পরিচর্যা সংক্রান্ত বিস্তার এবং বিশ্বব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন ৮:** খ্রীষ্টিয় প্রচারকরা যেন কোনও রকম বিকৃতি ছাড়া নির্ভুলভাবে সুসমাচার প্রচার করতে পারে তার জন্য।

**দিন ৯:** সমস্ত দেশের মধ্যে ঐক্য এবং শান্তি বজায় রাখার জন্য।

**দিন ১০:** আমাদের প্রিন্টার, সহযোগী প্রিন্টার এবং প্রিন্টিং প্রেসের সমস্ত কর্মীদের জন্য।

**দিন ১১:** আমাদের পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ১২:** আমাদের পরিচর্যাসংক্রান্ত কার্যকলাপ এবং বিস্তারের জন্য।

**দিন ১৩:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছাতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ১৪:** সারা পৃথিবীর মহিলা এবং শিশুদের সুরক্ষার জন্য।

**দিন ১৫:** প্রভু যেন সমস্ত মদ্যপায়ী এবং মন্দকার্যকারী লোকদের মধ্যে অনুতাপ আনেন।

**দিন১৬:** আমাদের **নহিমিয় বাইবেল কলেজে** যেন আরও অধিক শিক্ষার্থীরা যোগদান করেন।

**দিন ১৭:** আমাদের রাজ্য সমন্বয়কারীদের এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য।

**দিন ১৮:** ঈশ্বর যেন এমাসে আমাদের প্রয়োজনগুলি পূরণ করেন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)
জন্য একই কাজ করতে প্রস্তুত আছেন।

২ শমূয়েল ৫:২১ পদে, আমরা সাক্ষী হই **ফিলিস্তিনীরা সেখানেই তাদের দেবদেবীর মূর্তিগুলি ফেলে রেখে গেল, দাউদের বাহিনী সেগুলি পুড়িয়ে দিয়েছিল এবং সব ধ্বংস করে দিয়েছিল।**

আমি প্রার্থনা করি যে সদাপ্রভু আপনাদের আগে যাবেন, আপনাদের সংগ্রামের উপত্যকাগুলিকে আশীর্বাদের প্রাচুর্যে পরিবর্তে করবেন, শত্রুরা পশ্চাতে যা কিছু ফেলে গেছে সেই সমস্ত কিছু উচ্ছিন্ন করার মতো আপনাদের শক্তি দিন। মনে রাখবেন, আপনি যখন নিজেকে শত্রুদের দ্বারা অবিরাম আক্রমনের অধীনে দেখবেন, তখন জানবেন, আপনি সঠিক স্থানে আছেন—ঈশ্বর আপনার জীবনে আশ্চর্য কার্যগুলি সম্পাদন করছেন।

আমাদের বিপক্ষরা পশ্চাৎ অপসারণ করে, ঈশ্বরের হস্তক্ষেপে ছিন্নবিচ্ছিন্ন হয়ে যায়। দাউদের সৈন্যগণ তাদের সকলকে দগ্ধ করেছিল যারা তাদের বিরোধীতা করেছিল, তারা ছাই ছাড়া আর কিছুই ফেলে রাখেনি।

# সদাপ্রভু ভালোদের সঙ্গে থাকবেন! (২ বংশাবলি ১৯:১১)

## ( মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কতৃক প্রদত্ত বাণী)

বিশ্বস্ত জীবনযাপন করার পুরস্কার প্রায়ই দেখা যায় না। আমরা মিথ্যা এবং অহঙ্কারে জীবন যাপনকারীদের অনেক সমৃদ্ধি লাভ করতে দেখতে পারি। এর থেকে আমরা এটা চিন্তা করতে পারি, "বিশ্বস্ত জীবনযাপন করে কী লাভ?" কিন্তু যতই দিন যাচ্ছে, যারা বিশ্বস্ত, তারা প্রচুররূপে স্বর্গীয় সাহায্য লাভ করছে। "**বিশ্বস্ত লোক প্রচুর আশীর্ব্বাদ লাভ করবে...**" (হিতোপদেশ ২৮:২০)।

১। ঈশ্বর সঙ্গে সঙ্গে তাদের প্রার্থনাগুলি শোনেন।

২। ঈশ্বর তাদের আবেদনগুলি অনুমোদন করে।

৩। তারা যখন বিপদে পড়ে সদাপ্রভুর দূত তাদের সাহায্য করতে প্রস্তুত থাকে।

ঈশ্বরের সম্মুখে হিষ্কিয় রাজা ধার্মিক ছিলেন: **"হিষ্কিয় ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুর উপর নির্ভর করলেন। যিহূদার রাজাদের মধ্যে কেউ তাঁর মতো হননি,না তাঁর আগে, না তাঁর পরে। তিনি সদাপ্রভুকে আঁকড়ে ধরেছিলেন এবং তাঁর পথে চলা বন্ধ করেননি; সদাপ্রভু মোশিকে যেসব আদেশ দিলেন, তিনি সেগুলি পালন করে গেলেন। সদাপ্রভু তাঁর সাথে ছিলেন; তাঁর সব কাজে তিনি সফল হলেন..."** (২ রাজাবলি ১৮:৫-৭)।

২ রাজাবলি ২০ অধ্যায়ে, আমরা সেই একই রাজাকে মারাত্মক অসুখে আক্রান্ত হতে দেখতে পাই। তিনি দেওয়ালের দিকে মুখ রেখেছিলেন এবং এই বলে সদাপ্রভুর কাছে প্রার্থনা করেছিলেন, **"হে সদাপ্রভু, মনে করে দেখো, আমি কীভাবে বিশ্বস্তপূর্বক ও আন্তরিক নিষ্ঠা নিয়ে তোমার সামনে চলেছি এবং তোমার দৃষ্টিতে যা যা ঠিক, তাই করে গিয়েছি..."** (২ রাজা ২০:৩)।

আগে আমরা আমাদের পত্রিকাটি একটি খ্রীষ্টিয় প্রিন্টিং প্রেস থেকে ছাপাতাম। একবার প্রেসের সুপারভাইজার আমাকে বলেছিলেন, "পাস্টর, আমরা যখন জগতের লোকদের থেকে অর্ডার নিই, আমরা তখন টাকা পাওয়ার বিষয়ে নিশ্চিত থাকি। কিন্তু আমরা যখন ঈশ্বরের দাসদের কাছ থেকে কোনও কাজ নিই, তখন তাদের কাছ থেকে টাকা পাওয়া খুব কষ্টকর হয়। তাদের কাছে টাকা থাকলেও, তারা পরিশোধ করতে চান না। আমি অবাক হই কীভাবে তারা ঈশ্বরের কাজ করেন।

বাইবেলে আমরা "বিশ্বস্ত" এবং 'সরল' লোকদের দেখতে পাই। "বিশ্বস্ত" এবং "ভালো" হওয়ার মধ্যে একটি ঘনিষ্ঠ সম্পর্ক আছে। ২ বংশাবলি ১৯:১১ পদে, আমরা পাঠ করি, "...**আর সদাপ্রভু সুজনের (সরল লোকদের)" সহবর্ত্তী হউন**। গীত ১৫:১,২ পদে আমরা পাঠ করি, **"...তোমার পবিত্র পর্ব্বতে কে বসতি করিবে?**


NEHEMIAH BIBLE
EVENING COLLEGE

Chepauk & Santhoshapuram, Chennai.

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

Medium :Tamil

RUSH FOR ADMISSION!

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Diploma in Theology

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

#### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

#### ২। ডাক মারফত ঈশ্তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা

### আহ্বানের প্রতিধ্বনি

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

**কিন্তু যারা সদাপ্রভুতে প্রত্যাশা রাখে, তারা তাদের শক্তি নবায়িত করবে যিশাইয় ৪০:৩১**

আমার জীবনের প্রথম দিনগুলিতে,১৯৭২ সাল নাগাদ, সদাপ্রভুর আত্মা আমাকে চেন্নাইয়ের সৈগাপেটে নামক জায়গায় একটি সুসমাচার সংক্রান্ত ক্রুশেডের আয়োজন করতে বলেছিলেন। ওয়াল পোস্টার, হ্যাণ্ডবিলের মাধ্যমে আমরা প্রচুর বিজ্ঞাপন দিয়েছিলাম। আমি, আমার সঙ্গীদের সাহায্যে যতটা সম্ভব অধিক লোকদের আনার চেষ্টা করেছিলাম।

বিশেষ করে এই অনুষ্ঠানটির জন্য অনেক প্রার্থনা করা হয়েছিল। আমার কয়েক জন বন্ধু মিউজিকাল ইন্সট্রুমেন্ট এবং বিশেষ গানের পাতা এনেছিল। ক্রুশেড শুরু হওয়ার সময়, আমরা কোনও লোককে এখানে আসতে দেখিনি। কিন্তু আমরা দীর্ঘ সময় অপেক্ষা করেছিলাম। অবশেষে দুজন ভাই ক্রুশেডে যোগদান করতে এসেছিল। আমার সহভ্রাতারা অত্যন্ত দুঃখিত হয়েছিল যারা ক্রুশেডের জন্য কঠোর পরিশ্রম করেছিল। তারা জিজ্ঞাসা করেছিল ঈশ্বর কেন আমাদের আন্তরিক প্রার্থনাগুলোর উত্তর দিলেন না এবং আমাদের কঠোর পরিশ্রমকে সম্মানিত করলেন না। আমি তাদের উত্তর দিয়েছিলাম যে ঈশ্বর হতে পারে তাঁর নিজের মতো করে উত্তর দিয়েছেন। আমি সত্যিই আশা হারাইনি। আমি আমার ঈশ্বর সদাপ্রভুতে বলবান হয়েছিলাম (১ শমূয়েল ১৩০:৬)।

যাইহোক, আমরা আরাধনা সভা শুরু করেছিলাম এবং আমি এক পরাক্রমী বাণী প্রচার করেছিলাম এবং দুজন অংশগ্রহণকারীর মধ্যে একজন তার জীবন প্রভুকে দিয়েছিল।

এখন ঈশ্বর আমাকে ক্রুশেডগুলিতে প্রচার করার জন্য তুলেছেন যেখানে ভারতে এবং ভারতের বাইরের দেশগুলিতে হাজার হাজার লোকেরা একত্রিত হয়। ঈশ্বরের নামের গৌরব হোক। এই কারণে, এর জন্য আমাকে অনেক বছর ধৈর্য্য এবং বিশ্বাসে অপেক্ষা করতে হয়েছিল।

প্রিয় ভাই এবং বোনেরা, আপনি কি ব্যর্থতার নৌকায় যাত্রা করছেন? আপনি কি চিন্তা করছেন আপনার সমস্ত কঠোর পরিশ্রম এবং উপবাস প্রার্থনাগুলো কোনও ফল উৎপন্ন করছে না? যখন আমরা মহান এবং তাৎক্ষণিক প্রত্যাশায় ভীষণভাবে সক্রিয় হই, তখন আমাদের বিশ্বাস এবং তাঁর প্রতি আমাদের ধৈর্যের পরীক্ষা করার জন্য, কয়েক সময় ঈশ্বর নীরব থাকেন।

"এগুলি এজন্যই আসে, যেন যে স্বর্ণ আগুনের দ্বারা পরিশোধিত হলেও ক্ষয়প্রাপ্ত হয়, তার থেকেও বহুমূল্য তোমাদের বিশ্বস যেন অকৃত্রিম প্রমাণিত হয় এবং যীশু খ্রীষ্টের প্রকাশকালে প্রশংসা, গৌরব ও সম্মানজনক হয়ে প্রত্যক্ষ হয়" (১ যোহন ১:৭)।

ঈশ্বর আপনাদের আশীর্ব্বাদ করুন।

---

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

**যে ব্যক্তি সিদ্ধ আচরণও ধর্ম্মকর্ম্ম করে, এবং হৃদয়ে সত্য কথা কহে"। "কেননা সদাপ্রভুর প্রতি যাহাদের অন্তঃকরণ একাগ্র (সরল), তাহাদের পক্ষে আপনাকে বলবান দেখাইবার জন্য তাঁহার চক্ষু পৃথিবীর সর্ব্বত্র ভ্রমণ করে..."** (২ বংশা ১৬:৯)। **ঈশ্বরের জন্য এক সরল প্রজাবৃন্দের প্রয়োজন** (লূক ১:১৭)। **"...যারা সিদ্ধতায় চলে, তিনি তাহাদের ঢাল"** (হিতোপদেশ ২:৭)। **"নোহ তাৎকালিক লোকদের মধ্যে ধার্ম্মিক ও সিদ্ধ লোক ছিলেন..."** (আদি ৬:৯)। **"...আমি সর্বশক্তিমান ঈশ্বর, তুমি আমার সাক্ষাতে গমনাগমন করিয়া সিদ্ধ হও (সরল)"** (আদি ১৭:১)। **"সদাপ্রভু শয়তানকে কহিলেন, আমার দাস ইয়োবের উপরে কি তোমার মন পড়িয়াছে? কেননা তাহার তুল্য সিদ্ধ ও সরল, ঈশ্বরভয়শীল ও কুক্রিয়াত্যাগী লোক পৃথিবীতে কেহই নাই"** (ইয়োব ১:৮)।

**"তখন তাঁহার স্ত্রী তাঁহাকে কহিলেন, তুমি কি এখনও তোমার সিদ্ধতা রক্ষা করিতেছ? ঈশ্বরকে জলাঞ্জলি দিয়া প্রাণত্যাগ কর"** (ইয়োব ২:৯)। **"তুমি আমার সিদ্ধতায় আমাকে ধরিয়া রাখিয়াছ, এবং চিরতরে আপনার সাক্ষাতে স্থাপন করিয়াছ"** (গীত ৪১:১২)। **"বিশ্বাস সম্বন্ধে আমার যথার্থ বৎস তীমথিয়ের সমীপে..."** (১ তীমথিয় ১:২)।

প্রথমতঃ, নোহ তাঁর বংশে একমাত্র সিদ্ধ ব্যক্তি ছিলেন। আমাদের এই মন্দবংশে বা প্রজন্মে, সোজা হয়ে দাঁড়ানোর জন্য আমাদের ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া উচিৎ। ঈশ্বর আমাদের প্রত্যেককে বিভিন্ন প্রতিভা, কণ্ঠস্বর, অনুগ্রহ এবং সুযোগ দিয়েছেন। যখনই আমি কক্ষের মধ্যে একা থাকি আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করি, "আমার সঙ্গে থাকার জন্য আমি তোমার প্রশংসা করি। তুমি যদি আমার সঙ্গে না থাকতে, তাহলে আমি এই সমস্ত কাজগুলি একা করতে সক্ষম হতাম না।" তাঁর স্বর্গীয় শক্তি এবং অভিষেকের জন্য আমরা এই সমস্ত মহান কাজগুলি করতে সক্ষম হয়েছি। আমরা আরোগ্য লাভ করেছি। ঈশ্বর নোহকে তার মন্দ প্রজন্মের মধ্যে একমাত্র সরল মানুষ হিসাবে দেখতে পেয়েছিলেন। আমাদেরও সরল লোক হওয়া উচিৎ এবং ঈশ্বরের সঙ্গে গমন করার সুবিধা উপভোগ করা উচিৎ।

আমরা যখন লোভি হইনা, সমস্ত কাজে আমরা

যখন বিশ্বস্ত হই এবং সর্বদা ঈশ্বরকে ভয় করি, তখন ঈশ্বর আমাদের সঙ্গে গমন করেন। আমরা যখন একা থাকি তখন আমরা ঈশ্বরের উপস্থিতির অভিজ্ঞতা লাভ করি।

দ্বিতীয়তঃ, ঈশ্বর নোহকে আহ্বান করেছিলেন এবং একটি প্রকাণ্ড জাহাজ তৈরী করতে বলেছিলেন। অনেকে বলেন, "ঈশ্বর যদি আমাকে একা ডাকেন এবং নির্দিষ্ট করে কিছু করতে বলেন, তাহলে আমি তাঁর বাধ্য হবো।" ঈশ্বর যদি আমার সঙ্গে কথা বলেন, আমার কান দুটো আরও তীক্ষ্ম হবে এবং আমার হৃদয় আরও পরিষ্কার এবং উন্মুক্ত হবে। আমরা যখন জগতের সঙ্গে যুক্ত থেকে সমস্ত রকমের প্রতারণার এবং কলঙ্কিত চেতনার মধ্যে ডুবে থাকি তখন ঈশ্বর কখনও আমাদের অভিষেক করেন না অথবা আমাদের সঙ্গে কথা বলেন না। আমরা যদি ঈশ্বরের সন্তান হিসাবে জীবনযাপন করি,তাহলে আমরা তাঁর রব শুনতে পাবো। আমরা যদি ঈশ্বরকে ভয় পাই এবং ধর্মিক জীবনযাপন করি, তিনি সমস্ত রোগ, সমস্যা এবং দুঃখগুলো দূর করে দেবেন এবং আমাদের তাঁর রব শ্রবণ করতে সক্ষম করবেন।

আমি আমার জীবনে তিনবার স্পষ্টভাবে ঈশ্বরের রব শুনেছি। এটি খুব সুন্দর। একবার আমি আমার নাম ধরে তাঁকে ডাকতে শুনেছি। আরেকবার তিনি আমাকে তাঁর পরিচর্যা কাজে আহ্বান করেছিলেন। তৃতীয়বার, আমি যখন রোগ শয্যায় শায়িত ছিলাম তখন তিনি আমাকে একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন। এই অভিজ্ঞতাগুলিকে পাহাড়া দেওয়া খুব কঠিন।

প্রিয় ঈশ্বরের সন্তানগণ, তিনি অন্যায়কারী ঈশ্বর নন যে আপনার উত্তম কাজগুলি এবং সেবামূলক কাজগুলি ভুলে যাবেন যা আপনি করেছেন (ইব্রীয় ৬:১০)। তিনি ধার্মিক ঈশ্বর। আপনি যদি তাঁর সামনে ধার্মিক হন এবং তাঁর সামনে নিজেকে 'সক্ষম করে তোলেন, তাহলে তিনি নিশ্চিয় আপনার সঙ্গে হাঁটবেন। এছাড়াও আপনি তাঁর রব শুনতে পাবেন। এই সমস্ত কিছুর উর্দ্ধে ,তিনি তাঁর ইচ্ছা পূর্ণ করার জন্য আপনাকে অনুগ্রহ দেবেন।

তাঁর কাজে আমাদের যে প্রতিশ্রুতিবদ্ধতা আছে তার উপর ঈশ্বরের আশীর্বাদ নির্ভর করে।

তৃতীয়তঃ, নোহও ঈশ্বরের কাছ থেকে কাজ পেয়েছিলেন। আমরা যেন এমন দাস না হয়ে থাকি যে ঈশ্বরের কাছ থেকে আদেশগুলো লাভ করেনি। আপনি যখন নিজেকে সম্পূর্ণরূপে সমর্পণ করবেন, তখন আপনি আপনার সঙ্গে ঈশ্বরকে গমন করতে দেখবেন। আমরা যখন তাঁর অনুগ্রহ, এবং তাঁর প্রেমের মধ্যে থাকি না, তখন আমরা কার্যকরীভাবে তাঁর কাজ করতে ব্যর্থ হই। আমরা যখন নিজে থেকে কাজগুলি করি, তখন আমরা ব্যর্থ হই। কিন্তু আমরা যখন ঈশ্বরের ইচ্ছানুসারে কাজ করি, তখন এটা আমাদের মহাশক্তি দেয়।

পরে, ঈশ্বর আমাদের যোগ্যতা দেন। যার ফলে আমরা দক্ষতা বিকশিত করতে পারি। এছাড়াও তিনি আমাদের কাজের জন্য পরিষ্কৃত করেন। কয়েক সময় আমরা কয়েক জন্য পরিচারকের বাবা মায়ের কাছ থেকে শুনে থাকি, "আমার পুত্র প্রভুর পরিচর্যার কাজ তুলে নিয়েছে। আমি অবাক হই তিনি কীভাবে জীবন যাপন করবেন বা বেঁচে থাকবেন"। যারা সদাপ্রভুর রাজ্যের জন্য কাজ করেন তারা এই পৃথিবীর সব থেকে বড় ব্যক্তি। ঈশ্বর সেই সমস্ত লোকদের আশীর্বাদ করতে চান যারা তাঁর রাজ্যের জন্য কাজ করেন। নোহ তাঁকে ঈশ্বর কর্তৃক প্রদত্ত সমস্ত কাজ সম্পূর্ণ করতে সক্ষম হয়েছিলেন।

অনেক সময়, আমরা ঈশ্বর কতৃক প্রদত্ত পরিকল্পনাগুলি গ্রহণ করতে ব্যর্থ হই। এটি যদি আমাদের সামর্থের উদ্ধে হতো আমরা অবাক হতাম। ঈশ্বর আশা করেন যে আমরা প্রত্যেকে যেন সেই সমস্ত কাজ করি যা তিনি আমাদের দিয়ে করাতে চান। তিনি আমাদের যা করতে বলেছেন আমাদের ঠিক সেই কাজটি করতে হবে, তা যাই হোক না কেন।

অবশেষে আমরা পাঠ করি, **"তাহাতে নোহ সেইরূপ করিলেন,ঈশ্বরের আজ্ঞানুসারেই সকল কর্ম্ম করিলেন"** (আদি ৬:২২)। ঈশ্বর যা কিছু শুরু করেছিলেন সমস্ত কিছু তিনি সম্পূর্ণ করবেন। আপনার জীবনে তিনি যা শুরু করেছেন, তা তিনি সম্পূর্ণ করবেন। যে উদ্দেশ্যে তিনি আপনাকে আহ্বান করেছিলেন, তা তিনি নিশ্চিতভাবে সম্পূর্ণ করবেন। আপনাকে কেবল সর্বদা ঈশ্বরকে ভয় করার বিষয়ে নিজেকে পরিবর্তিত করতে হবে। ঈশ্বরের দৃষ্টিতে বিশ্বস্ত হন। মিথ্যা বলবেন না। অনেকে সত্য কথা বলতে চান। কিন্তু তার আগেই তারা মিথ্যা কথা বলেন। ঈশ্বর মিথ্যাবাদীদের ব্যবহার করেন না। নিজেকে সেই প্রকার লোকে পরিবর্তিত করুন যারা লোভ করে না। লোভকে ঘৃণা করার চেষ্টা করুন।

" **...আর সদাপ্রভু সুজনের সহবর্ত্তী হউন** (২ বংশাবলি ১৯:১১)।


## We're HIRING

Qualified, Expeienced & Mission Minded Candidates for

Medavakkam
ST. PAUL'S MATRICULATION SCHOOL :

❖ PRINCIPAL
❖ TEACHERS
(Social Science, KG etc.,)

for Head Office @ CHEPAUK :

❖ DTP OPERATORS
❖ COMPUTER OPERATORS (with Typing)
❖ DRIVERS

E.mail : samselvaraj333@gmail.com

✆ 97908 05460 / 044- 2852 8282


## অনুগ্রহ করে মনোযোগ দিন

### পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভুক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA

PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th AUGUST 2024**

**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**